

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৩৯

প. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১) পিঁয়াজ, রসুন, কুর্রাজ, মূলা অথবা তার অনুরূপ দুগর্মযুক্ত বস্তু খেয়ে মসজিদে আসার ব্যাপারে ভীতি প্রদর্শন

الترهيب من إتيان المسجد لمن أكل بصلا أو ثوما أو كراثا أو فجلا ونحو ذلك مما له رائحة كريهة

আরবী

(صحيح) و عَنْ حُذَيْفَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ : قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ تَفَلَ تُجَاهَ الْقِبْلَةِ جَاءَ يَوْمَ الْقِيَامَةِ وَتَفْلُهُ بَيْنَ عَيْنَيْهِ وَمَنْ أَكَلَ مِنْ هَذِهِ الْبَقْلَةِ الْخَبِيثَةِ فَلَا يَقْرَبَنَ مَسْجِدَنَا ثَلَاتًا رواه ابن خزيمة في صحيحه

বাংলা

৩৩৯. (সহীহ্) হুযায়ফা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "যে ব্যক্তি কিবলার দিকে থুথু নিক্ষেপ করবে, সে কিয়ামতের দিন ঐ থুথু তার দু'চোখের সামনে নিয়ে উপস্থিত হবে। আর যে ব্যক্তি এই দূর্গন্ধময় সবজি ভক্ষন করবে সে যেন আমাদের মসজিদের নিকটবর্তী না হয়।" (এ কথাটি তিনি তিনবার বলেছেন।)

(হাদীছটি ইবনে খুযায়মা তার [ছহীহ গ্রন্থে] ২/২৭৮ বর্ণনা করেন।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন